

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৩.০০১.১৭.১৪৩

তারিখ: ৭ আষাঢ়.১৪২৫


২১ জুন ২০১৮

বিষয়: বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন "সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস বিষয় খোলার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর সুপারিশের পরিপ্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন "সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ক) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- খ) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- গ) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ঘ) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ঙ) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- চ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ছ) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- জ) ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।



২১-৬-২০১৮

মুর্শিদা শারমিন
উপসচিব (প্রতিকল্প)
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৩.০০১.১৭.১৪৩/১(৭)


তারিখ: ৭ আষাঢ়.১৪২৫

২১ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অধ্যক্ষ,



২১-৬-২০১৮

মুর্শিদা শারমিন
উপসচিব (প্রতিকল্প)